



এ এইচ এম জাকারিয়া
ব্যবস্থাপনা পরিচালক (সি.সি)

এ এইচ এম জাকারিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০৮ সালে ব্যবস্থাপক (প্রশাসন) হিসেবে এবং ১ জুলাই ২০১৮ তারিখের সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পান। তিনি ০১ জানুয়ারী ২০১২ তারিখ থেকে সহকারী কোম্পানি সচিব এবং কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২৮ অক্টোবর ২০২০ তারিখ থেকে কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২১ অক্টোবর ২০২২ তারিখে মহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে তিনি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক (সি.সি) হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ রেজাউল ইসলাম
সহকারী কোম্পানি সচিব

মোঃ রেজাউল ইসলাম, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে ২০০৩ সালে মানব সম্পদ ব্যবস্থাপনা (এইচআরএম) বিষয়ে স্নাতক ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসন বিভাগে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি অফিসার (শেয়ার বিভাগ) হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০১ ডিসেম্বর ২০১৩ তারিখ থেকে শেয়ার বিভাগে ইনচার্জ হিসেবে দায়িত্ব পালন করছেন। শেয়ার বিভাগে তাহার দীর্ঘ ১৩ বৎসরের কর্ম অভিজ্ঞতা আছে। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ থেকে কোম্পানির সহকারী কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ মোস্তফা কামাল
কারখানা ব্যবস্থাপক


মোঃ মোস্তফা কামাল, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৭ সালে বিএ পাস করেন। ১৯৯০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রবেশনারি অফিসার হিসেবে যোগদান করেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে তিনি তার দায়িত্ব পালন করেছেন। পরবর্তীতে সহকারী কারখানা ব্যবস্থাপক (প্রশাসন) থেকে পদোন্নতি লাভ করে ০৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ থেকে সহকারী কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।



মোঃ সাইফুল ইসলাম
ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি)

মোঃ সাইফুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৩ সালে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি মেসার্স আলমগীর এন্ড কোং থেকে ১৯৯৩/৯৪ সালে অডিট বিষয়ে কোর্স সম্পন্ন করেন। তিনি আজিজ ফাইবার্স লিঃ এ হিসাব কর্মকর্তা হিসেবে কর্মজীবন শুরু করেন এবং ব্যবস্থাপক (হিসাব) হিসেবে ২০০৩ সাল পর্যন্ত কাজ করেছেন। তিনি ২০০৪ সাল থেকে আজিজ প্রপার্টার্জ লিঃ এর মহাব্যবস্থাপকের দায়িত্বপালন করেছেন। হিসাব রক্ষণ কাজে তাহার দীর্ঘ ২০ বছরের অভিজ্ঞতা আছে। ০১-১০-২০২৩ তারিখে তিনি আজিজ পাইপস্ লিঃ এ ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) হিসেবে যোগদান করেন। পরিচালনা পর্যবেক্ষণের ২৫৬তম সভায় তাহাকে প্রধান অর্থ কর্মকর্তা এর চলতি দায়িত্ব প্রদান করা হয়। তিনি বর্তমানে কোম্পানির ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি) এর দায়িত্ব পালন করেছেন।

পাতেল আহমেদ
অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা



পাতেল আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০১০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ২৮শে অক্টোবর ২০২০ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন।